

# আমাদেরশময়

## করোনার টিকা দিতে শিক্ষার্থীদের তথ্য নিচে জবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

৫ জুন ২০২১ ০০:০০ | আপডেট: ৪ জুন ২০২১ ২২:৫৩

# আমাদেরশময়

করোনা ভাইরাসের টিকা দিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ শুরু করেছে কর্তৃপক্ষ। গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করে শিক্ষার্থীদের অনলাইনে নিবন্ধন করতে বলা হয়।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ওহিদুজ্জামান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষার্থী এবং এমফিল ও পিএইচডি গবেষকদের কোভিড-১৯ টিকা দেওয়া হবে। এ জন্য শিক্ষার্থীদের তালিকা দিতে হবে স্বাস্থ্য অধিদপ্তরকে। তাই জরুরি ভিত্তিতে ১০ জুনের

মধ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে চাওয়া তথ্যাদি প্রদানের জন্য শিক্ষার্থী বা গবেষকদের প্রতি অনুরোধ করা হলো।

এ বিষয়ে মো. ওহিদুজ্জামান বলেন, শিক্ষার্থীদের নির্দিষ্ট লিংকে তথ্যাদি প্রদান শেষ হলে স্বাস্থ্য অধিদপ্তরের প্রদত্ত নিয়মে টিকা দেওয়া হবে। তবে সব শিক্ষার্থীর জন্য টিকা বাধ্যতামূলক করা হয়নি। টিকা নিতে চাইলে নিতে পারবে। আগে কোনো শিক্ষার্থী টিকা নিয়ে থাকলে তাদের তথ্যাদি প্রদান করতে হবে না। শিক্ষার্থীদের নিবন্ধনের ঠিকানা পি.লিই.ধপ.নফ/ঠাভপুরু.১৯। পরে করণীয় সম্পর্কে শিক্ষার্থী বা গবেষকদের বিশ্ববিদ্যালয়ে ওবেসাইটে জানানো হবে।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

আমাদেরশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)